

বর্ডার গার্ড বাংলাদেশ এর কর্মসম্পাদন এর সার্বিক চিত্র (২০১৮-২০১৯ অর্থ বছর)

(Overview of the Performance of BGB)

সাম্প্রতিক বছরসমূহের ৩ (তিন) বছরের প্রধান অর্জনসমূহ:

বর্ডার গার্ড বাংলাদেশের ৪টি নতুন ব্যাটালিয়ন সৃজন, ২টি হাসপাতাল, ১টি এয়ার উইং স্থাপনসহ ৩৪৭২ জন জনবল নিয়োগ ও আধুনিক যানবাহন এবং সরঞ্জামাদি অন্তর্ভুক্তের মাধ্যমে সাংগঠনিক কাঠামোকে আরও শক্তিশালী করা হয়েছে। বাংলাদেশ-ভারত-মায়ানমার সীমান্তে মোট ৯১টি বিওপি স্থাপন করা হয়েছে। ০১টি এ্যাডহক রিজিয়ন হেডকোয়ার্টার্স, ০১টি আধুনিক ডগ স্কোয়াড গঠন এবং রিজিয়ন, সেক্টর ও ব্যাটালিয়ন সমূহে অপটিক্যাল ফাইবার কানেকটিভিটি সম্প্রসারণ করা হয়েছে। নারীর ক্ষমতায়ন নিশ্চিতকল্পে ২০১৬ সাল হতে বাহিনীতে মহিলা সৈনিক নিয়োগ শুরু করা হয়েছে এবং ইতিমধ্যে মোট ৩৮৭ জন মহিলা সৈনিক ভর্তি করা হয়েছে। এ বাহিনী সীমান্ত অপরাধ দমন ও দেশের আইন-শৃঙ্খলা রক্ষায় বিগত তিন বছরে মোট ৩৯,৭৩৬ প্লাটুন বিজিবি মোতায়েন, ১৭৪৩ কোটি ৯৮ লক্ষ ৮৮ হাজার টাকার চোরাচালানী মালামাল, ১৩৯৫ কোটি ১০ লক্ষ ০৮ হাজার টাকার মাদকদ্রব্য, ১১৪৪ জন নারী ও শিশুকে উদ্ধার ও ১৫ জন মানব পাচারকারীকে আটক এবং ১৯৪টি অস্ত্র ও ৪,৫৯৩ রাউন্ড গুলি, ০৭টি গ্রেনেড, ০১টি মর্টার সেল, ৭১টি বোম্ব, ৩৪ কেজি এক্সপ্লোসিভ, ১০৪টি ককটেল, ১৬৭ টি ম্যাগাজিন ও ৪৮ কেজি গান পাউডার উদ্ধার করতে সক্ষম হয়েছে। বিজিবি বিগত তিন বছরে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন খেলাধুলায় অংশগ্রহণ করে মোট ২৫টি স্বর্ণ, ৫৫টি রৌপ্য এবং ১৮টি তাম্র পদক অর্জন করেছে। দেশের অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখতে ও বিজিবি সদস্যদের কল্যাণার্থে ‘সীমান্ত ব্যাংক’ এবং বিশেষ শিশুদের জন্য ‘দীপ্ত সীমান্ত’ স্কুল প্রতিষ্ঠা করা হয়েছে। বিজিবি ২৫/২৬ আগস্ট ২০১৭ পরবর্তী বাংলাদেশে আগত বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের ব্যবস্থাপনা ও মানবিক সাহায্য প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। এ বাহিনীর সাম্প্রতিক তিন বছরের প্রধান অর্জনসমূহের বিস্তারিত বর্ণনা নিম্নরূপ:

১। **বিজিবির আধুনিক বর্ডার ম্যানেজমেন্ট**। বিজিবির বিভিন্ন কর্মকান্ড আধুনিকায়নের ফলে সীমান্ত ব্যবস্থাপনা পূর্বের তুলনায় আধুনিক, দ্রুততর এবং যথাযথ হয়েছে। আধুনিক যোগাযোগ ব্যবস্থার মাধ্যমে দুর্গম সীমান্ত এলাকায় অবস্থিত বিওপিসমূহের সাথে যোগাযোগ নিশ্চিত হয়েছে। সীমান্তে নিষিদ্ধ নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সকল বিওপিতে পর্যায়ক্রমে নাইট ভিশন গগলস সরবরাহ করা হচ্ছে। সীমান্তে টহল তৎপরতা জোরদার করার লক্ষ্যে সার্চ লাইটের ব্যবহার এবং চোরাচালান প্রবণ সীমান্ত এলাকায় প্রতিটি বিওপিতে মটর সাইকেল সরবরাহ করা হয়েছে। অধিক চোরাচালান প্রবণ যশোর জেলার পুটখালী ও কক্সবাজার জেলার টেকনাফ সীমান্ত অঞ্চলের কিছু অংশে নিষিদ্ধ নজরদারি প্রতিষ্ঠা এবং চোরাচালান প্রতিরোধ কল্পে অত্যাধুনিক Border Control, Surveillance and Response System স্থাপনের কাজ চলছে। পর্যায়ক্রমে তা অন্যান্য সীমান্তে সম্প্রসারণ করা হবে।

২। **বর্ডার আউট পোস্ট (BOP) এবং বর্ডার সেন্টি পোস্ট (BSP) নির্মাণ এবং অরক্ষিত সীমান্তকে সুরক্ষা করা**। বিজিবি পুনর্গঠনের আওতায় সীমান্ত এলাকায় এ পর্যন্ত ১৫ (পনের) টি ‘সাইক্লোন শেল্টার’ টাইপ বিওপি, ৭৫ (পঁচাত্তর) টি ‘এ’ টাইপ বিওপি এবং ১২৮ (একশত আটাশ) টি বিএসপি নির্মাণ করা হয়েছে। এছাড়া আরও নতুন ৬০ (ষাট) টি ‘এ’ টাইপ বিওপির কাজ শুরু হয়েছে যার মধ্যে ৪৫টি বিওপির কাজ প্রায় শেষ পর্যায়। এছাড়াও ২০টি ‘প্রিফেব্রিকেটেড শেল্টার’ টাইপ বিওপির মধ্যে ০৫টি বিওপির নির্মাণ কাজ শেষ হয়েছে এবং অবশিষ্ট ১৫টির কাজও চলমান রয়েছে। সুন্দরবনের নীলডুমুরস্থ কাঁচিকাটা ও আঠারোবেকী খাল নামক স্থানে ০২ টি ভাসমান বিওপি ইতিমধ্যে নির্মাণ করা হয়েছে এবং কৈখালী-কাঁচিকাটার মধ্যবর্তী স্থানে আরও ০২ (দুই) টি সমজাতীয় বিওপি নির্মাণের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। বর্ডার গার্ড বাংলাদেশ এর সীমান্তে ২৯টি বিওপিতে বিদ্যুৎ সংযোগ এবং সৌর শক্তির মাধ্যমে ১৬৮টি বিওপিতে বিদ্যুৎতায়ন শীর্ষক প্রকল্পের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বিজিবি পুনর্গঠনের বুপরেখা অনুমোদনের পর হতে ভারত ও মায়ানমার সীমান্তে ইতিমধ্যে ০৪ (চার) টি ব্যাটালিয়ন ৬২ (ষাট) টি বিওপি সৃজনের মাধ্যমে ৫৩৯ (পাঁচশত উনচল্লিশ) কিঃমিঃ অরক্ষিত সীমান্তের মধ্যে ৪০২ কিঃমিঃ সীমান্ত নজরদারীর আওতায় আনা হয়েছে। অবশিষ্ট বিওপি সমূহ নির্মাণের কাজও চলমান রয়েছে।

৩। **অভ্যন্তরীণ নিরাপত্তায় বিজিবি মোতায়েন**। বিজিবি জনগনের জীবন ও সম্পদের নিরাপত্তা বিধান, দেশের আইন-শৃঙ্খলা রক্ষা, আন্তঃরাষ্ট্র সীমান্ত অপরাধ দমন এবং প্রত্যক্ষভাবে অভ্যন্তরীণ আইন-শৃঙ্খলা রক্ষার্থে বেসামরিক প্রশাসনকে সহায়তা এবং সরকার কর্তৃক অর্পিত যেকোন দায়িত্ব অত্যন্ত নিষ্ঠার সাথে পালন করে আসছে। গত ০৩ বছরে মোট ৩৯,৭৩৬ প্লাটুন বিজিবি দেশের বিভিন্ন জেলা উপজেলায় মোতায়েন করা হয়েছে।

৪। **নির্বাচন উপলক্ষ্যে আইন-শৃঙ্খলা রক্ষার্থে বিজিবি মোতায়েন**। বিজিবি বিভিন্ন নির্বাচনে আইন-শৃঙ্খলা রক্ষার্থে দায়িত্বে নিয়োজিত থেকে অত্যন্ত দক্ষতার সাথে দায়িত্ব পালন করে আসছে। গত ০৩ বছরে বিভিন্ন নির্বাচনে মোট ২,৭৪৯ প্লাটুন বিজিবি মোতায়েন করা হয়েছে।

৫। **চোরাচালান প্রতিরোধে সফলতা**। বিজিবি কর্তৃক দেশের বিভিন্ন সীমান্তে বিশেষ অভিযান এবং টহল পরিচালনা করে ২০১৫ হতে ২০১৭ সাল পর্যন্ত মোট ১৭৪৩,৯৮,৮৮,১০৬/- টাকার চোরাচালানী মালামাল এবং ১৩৯৫,১০,০৮,০০৬/- টাকার মাদক দ্রব্য আটক করতে সক্ষম হয়েছে। উক্ত আটককৃত দ্রব্যের মধ্যে ১৫০ কেজি ১৭ গ্রাম স্বর্ণসহ ৬৭ জন আসামী, ৬,৯৯,৫০০ ভারতীয় রুপিসহ ০৯জন আসামী, ৭৯,২৬৯ টি নেশাজাতীয় ইনজেকশন এবং ৩,৪৩,৮১,৩৭২ টি বিভিন্ন প্রকার যৌন উত্তেজক ট্যাবলেট আটক করতে সক্ষম হয়েছে বিজিবি।

৬। **মানব পাচার প্রতিরোধে সফলতা**। বিজিবি দেশের সীমান্ত রক্ষার পাশাপাশি মানব পাচার প্রতিরোধে বিশেষ অভিযান এবং টার্কফোর্স অভিযান পরিচালনা করে গত ২০১৫ হতে ২০১৭ সাল পর্যন্ত ১৫৮৬ জন নারী ও শিশুকে উদ্ধার এবং ১৫ জন পাচারকারীকে আটক করতে সক্ষম হয়েছে।

৭। **অস্ত্র ও গোলাবারুদ উদ্ধার।** বাংলাদেশের সীমান্ত এলাকায় অপারেশন পরিচালনা করে বিজিবি কর্তৃক গত ২০১৫ হতে ২০১৭ সাল পর্যন্ত ১৯৪টি অস্ত্র ও ৪,৫৯৩ রাউন্ড গুলি, ০৭টি গ্রেনেড, ০১টি মর্টার সেল, ৭১টি বোম্ব, ৩৪ কেজি এক্সপ্লোসিভ, ১০৪টি ককটেল, ১৬৭ টি ম্যাগাজিন এবং ৪৮ কেজি গান পাউডার উদ্ধার করতে সক্ষম হয়েছে।

৮। **বিজিবি'র ডগ স্কোয়াড গঠন।** বিজিবি'কে সময়োপযোগী একটি শক্তিশালী বাহিনীতে রূপান্তর এবং বিজিবি সদস্যদের অপারেশনাল কর্মকাণ্ডে আরও গতিশীলতা আনয়নের লক্ষ্যে ইতিমধ্যে একটি আধুনিক ডগ স্কোয়াড গঠন করা হয়েছে। বিজিবি'র ডগ স্কোয়াড ইতিমধ্যে, ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিমান বন্দরে মাদক এবং বিস্ফোরক দ্রব্য সনাক্ত করে জাতীয় নিরাপত্তায় বিশেষ অবদান রেখে চলেছে। সীমান্তবর্তী এলাকাতেও ডগ স্কোয়াড মাদক দ্রব্য, অবৈধ অস্ত্র, বিস্ফোরক দ্রব্য উদ্ধার এবং অন্যান্য চোরাচালান প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

৯। **বিজিবি'র সাংগঠনিক কাঠামোতে এয়ার উইং সৃজন।** সমগ্র বাংলাদেশের সীমান্ত এলাকায় নিষিদ্ধ নিরাপত্তা নিশ্চিত করা, অরক্ষিত সীমান্ত ও দুর্গম পাহাড়ী এলাকায় নজরদারী বৃদ্ধিসহ সন্ত্রাসী কর্মকাণ্ড প্রতিহত করার লক্ষ্যে বর্ডার গার্ড বাংলাদেশ এর সাংগঠনিক কাঠামোতে একটি স্বতন্ত্র এয়ার উইং সৃজনের অনুমোদন দেয়া হয়েছে এবং গত ০৫ জুন ২০১৬ তারিখে বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ, বায়তুল ইজ্জত, চট্টগ্রামে এয়ার উইং এর ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়েছে। অতিদ্রুত এয়ার উইং এর প্রতিষ্ঠার কার্যক্রম চলমান রয়েছে।

১০। **অপটিক্যাল ফাইবার কানেকটিভিটি।** আধুনিক যোগাযোগ ব্যবস্থার অংশ হিসেবে রিজিয়ন, সেক্টর ও ব্যাটালিয়ন সমূহকে অপটিক্যাল ফাইবার কানেকটিভিটির মাধ্যমে Digital Data Network (DDN) থেকে Virtual Private Network (VPN) এ উন্নীত করা হয়েছে। বিজিবি সদর দপ্তরের নিজস্ব ব্যবস্থাপনায় ০৪টি রিজিয়ন সদর দপ্তর, ১৬টি সেক্টর সদর দপ্তর ও বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ, বায়তুল ইজ্জত চট্টগ্রাম এর সাথে ভিডিও কনফারেন্স সুবিধা চালু করা হয়েছে।

১১। **প্রশিক্ষণ।** বিগত ০৩ বছরে বিজিবি'র একমাত্র প্রশিক্ষণ কেন্দ্র বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজে (বিজিটিসিএন্ডসি)কর্তৃক ৭,০৭৫ জনকে রিক্রুটকে মৌলিক প্রশিক্ষণসহ মোট ২০,০২৭ জনকে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া বিজিবি'র রিজিয়ন পর্যায়ে মোট ২৮,০৯৪ জন সদস্যকে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বাংলাদেশ সেনাবাহিনীর তত্ত্বাবধানে গত তিন বছরে মোট ৪০৩ জন বিজিবি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০১৫ সাল হতে ২০১৮ (মার্চ পর্যন্ত) বিজিবি'র ১২২জন অফিসার, ১৯৪ অন্যান্য পদবীসহ মোট ৩১৬ জন সদস্যকে দেশের বাহিরে ৭২টি বৈদেশিক বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন। দেশের অভ্যন্তরে US PACOM AUGMENTATION TEAM এবং অন্যান্য সংস্থার সাথে বিভিন্ন প্রশিক্ষণ/সেমিনারে ২০১৫ সাল হতে ২০১৮ সাল (মার্চ পর্যন্ত) মোট ৬১ অফিসার ও ১,০৮২ জন অন্যান্য পদবীর বিজিবি সদস্যগণ অংশগ্রহণ করেন।

১২। **বিজিবি'র খেলাধুলার সাফল্য।** মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে গত ০৩ জানুয়ারি ২০১৭ তারিখে মহাপরিচালক বর্ডার গার্ড বাংলাদেশকে ভারোত্তোলন ফেডারেশনের সভাপতি হিসেবে মনোনীত করা হয়। দায়িত্বগ্রহণের পরে তৃণমূল পর্যায় হতে প্রতিভাবান খেলোয়াড় বাছাই ও প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। খেলাধুলায় সাম্প্রতিক বছর সমূহের (বিগত ৩ বছর) বিজিবি'র প্রধান অর্জন সমূহ:

ক। ২০১৫ সালে ফেডারেশন এবং জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত ১০টি প্রতিযোগিতায় বিজিবি অংশগ্রহণ করে ০৩টি দল চ্যাম্পিয়ন অর্জনসহ ব্যক্তিগত ইভেন্টে ১২টি স্বর্ণ, ১১টি রৌপ্য এবং ১৩টি তাম্র পদক অর্জন করে।

খ। ২০১৫ সালে আন্তর্জাতিক পর্যায়ে অনুষ্ঠিত ১৩টি প্রতিযোগিতায় বিজিবি খেলোয়াড়গণ অংশগ্রহণ করে দলগত ও ব্যক্তিগত ইভেন্টে ০৫টি স্বর্ণ এবং ০৫টি তাম্র পদক অর্জন করে।

গ। ২০১৬ সালে ফেডারেশন এবং জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত ২০টি প্রতিযোগিতায় বিজিবি অংশগ্রহণ করে ৮টি দল চ্যাম্পিয়ন, ৬টি দল রানার আপ এবং ৩টি দল ৩য় স্থান অর্জনসহ ব্যক্তিগত ইভেন্টে ০৪ টি স্বর্ণ, ০৫ টি রৌপ্য ও ০৪ টি তাম্র পদক অর্জন করে।

ঘ। ২০১৬ সালে আন্তর্জাতিক পর্যায়ে অনুষ্ঠিত ১৭টি প্রতিযোগিতায় বিজিবি খেলোয়াড়গণ অংশগ্রহণ করে দলগত ও ব্যক্তিগত ইভেন্টে ০৩টি স্বর্ণ, ০২টি রৌপ্য এবং ১৭টি তাম্র পদক অর্জন করে।

ঙ। ২০১৭ সালে ফেডারেশন এবং জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত ১১টি প্রতিযোগিতায় বিজিবি অংশগ্রহণ করে ০৬টি দল চ্যাম্পিয়ন, ০১টি দল রানার আপ এবং ০২টি দল ৩য় স্থান অর্জনসহ ব্যক্তিগত ইভেন্টে ০৪টি স্বর্ণ, ১০টি রৌপ্য এবং ০১টি তাম্র পদক অর্জন করে।

চ। ২০১৭ সালে আন্তর্জাতিক পর্যায়ে অনুষ্ঠিত ০৪টি প্রতিযোগিতায় বিজিবি খেলোয়াড়গণ অংশগ্রহণ করে ব্যক্তিগত ইভেন্টে ০৫টি স্বর্ণ এবং ০৪টি রৌপ্য পদক অর্জন করে।

হ। ২০১৮ সালে ফেডারেশন ও জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত ০৫টি প্রতিযোগিতায় বিজিবি অংশগ্রহণ করে ০১টি দল চ্যাম্পিয়ন, ০২টি দল রানারআপ এবং ০১টি দল ৩য় স্থান অর্জনসহ ব্যক্তিগত ইভেন্টে ০৮টি স্বর্ণ, ০৭টি রৌপ্য ও ০২টি তাম্র পদক অর্জন করে।

জ। ২০১৮ সালে আন্তর্জাতিক পর্যায়ে অনুষ্ঠিত ০৬টি প্রতিযোগিতায় বিজিবি খেলোয়াড়গণ অংশগ্রহণ করে ব্যক্তিগত ইভেন্টে ০৩টি স্বর্ণ এবং ০২টি রৌপ্য পদক অর্জন করে।

১৩। **বিজিবি'র শিক্ষা প্রতিষ্ঠানের ফলাফল।** মানব সম্পদ উন্নয়নের অংশ হিসেবে বিজিবি কর্তৃক পরিচালিত ৪৯টি শিক্ষা প্রতিষ্ঠানে ৩৯,৭৪৫ জন শিক্ষার্থীশিক্ষা গ্রহণ করেছে। বিজিবি কর্তৃক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর শিক্ষার্থীরা গত এক বছরে এসএসসিতে ৯৮.৮৭%, এইচএসসিতে ৯৯.১৭%, জেএসসিতে ৯৮.২৪% এবং পিইসি'তে ৯৮.৩০ A+ ফলাফল অর্জন করতে সক্ষম হয়েছে।

১৪। **বিজিবি'র জনবলের প্রাধিকার বৃদ্ধি ও নিয়োগ।** বিজিবিতে গত তিন বছরে মোট ৩,৬৮৭ জন সৈনিক ও অসামরিক কর্মচারী নিয়োগ দেয়া হয়েছে। এর মধ্যে বিজিবিতে ২০১৬ সালে ১৯০ জন, ২০১৭ সালে ১৪৭ জন এবং ২০১৮ সালে (মার্চ পর্যন্ত) ৫০ জনসহ মোট ৩৮৭ জন মহিলা সৈনিক ভর্তি করা হয়েছে।

১৫। **বিজিবি'র বিভিন্ন ধরনের যানবাহন ও জলযান ক্রয়।** ২০১৫-২০১৬ অর্থ বছরে বিজিবি'র জন্য বিভিন্ন প্রকার ১১৩টি যানবাহন ক্রয় করা হয়েছে। এছাড়া, জলযান খাতে ১৫টি হাইস্পিড ইঞ্জিন বোট ক্রয় করা হয়েছে। ২০১৬-২০১৭ অর্থ বছরে বিভিন্ন প্রকার ২৬১টি যানবাহন ক্রয় করা হয়েছে এবং জলযান খাতে ০১টি পনুটন ক্রয় করা হয়েছে। ২০১৭-২০১৮ অর্থ বছরে বিভিন্ন প্রকার ৯৩টি যানবাহন যথা ০৩টি সিডান কার, ০৬টি মোটর সাইকেল, ০৪টি বাস, ০৩টি মাইক্রোবাস, ৪৪টি জীপ, ২৫টি ট্রাক, ০৭টি ডাবল কেবিন পিকআপ এবং ০১টি এ্যাম্বুলেন্স ক্রয়ের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। জলযান খাতে ০২টি উপদল পেট্রোল বোট এবং ০২টি স্পিড বোট ক্রয়ের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

১৬। **ডিজিটাল পদ্ধতিতে লোক ভর্তি।** ডিজিটাল বাংলাদেশ গড়ার অংশ হিসেবে বিজিবি'তে সৈনিক ও অসামরিক পদে ভর্তির কার্যক্রমে গতিশীলতা এবং স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে মোবাইল এসএমএস এর মাধ্যমে প্রার্থী নির্বাচন এবং ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে।

১৭। **বিজিবি সদস্যদের পদোন্নতি।** পদোন্নতির নীতিমালা মোতাবেক গত ২০১৫ হতে ২০১৮ সালের মার্চ মাস পর্যন্ত মোট ১৫৭৪৪ জন বিজিবি সদস্যদের পদোন্নতি প্রদান করা হয়েছে।

১৮। **বিজিবি হাসপাতালে আধুনিক চিকিৎসা সেবা ও জনসাধারণকে বিনামূল্যে চিকিৎসা প্রদান।** বিজিবি'তে কর্মরত বিশেষজ্ঞ চিকিৎসক কর্তৃক আধুনিক চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে Video Conference System ও টেলি কনসালটেশন পদ্ধতির মাধ্যমে বিজিবি সদস্যদেরকে চিকিৎসা প্রদান করা হচ্ছে। এছাড়া বিজিবি হাসপাতাল ঢাকার জন্য একটি আধুনিক CTSCAN মেশিন ক্রয় করা হয়েছে। গত ০৩ (তিন) বছরে বিজিবি'র ০৩(তিন)টি হাসপাতাল (চুয়াডাঙ্গা, ঠাকুরগাঁও এবং খাগড়াছড়ি) নির্মাণ করা হয়েছে। উক্ত হাসপাতাল সমূহে স্থানীয় জনসাধারণকে (২০%) বিনামূল্যে চিকিৎসা প্রদান করা হচ্ছে।

১৯। **বর্ডার গার্ড বাংলাদেশ এর বিভিন্ন পূর্ত কাজ সম্পন্ন।** বিগত ৩ বছরে বর্ডার গার্ড বাংলাদেশ এর সীমান্ত এলাকায় ৮৫টি বিওপি (সংশোধিত ৭৫টি বিওপি) নির্মাণ শীর্ষক প্রকল্প, সীমান্তে ২৯টি বিওপিতে বিদ্যুৎ সংযোগ ও সৌর শক্তির মাধ্যমে বর্ডার গার্ড বাংলাদেশ এর ১৬৮টি বিওপি বিদ্যুৎতায় শীর্ষক প্রকল্প, বিজিবি'র সদর দপ্তরে জেসিও ও অন্যান্য পদবীধারীদের জন্য ০২টি ১৫তলা বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ প্রকল্প, যার নির্মাণ কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। বিজিবি'র মোট ৩১৪টি পূর্ত কাজ বাস্তবায়ন করা হয়েছে। এছাড়া চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরে বিভিন্ন রিজিয়ন, সেক্টর, ব্যাটালিয়ন, বিজিটিসিএন্ডসি এবং সদর দপ্তর পিলখানাসহ মোট ৭৮টি পূর্ত কাজ চলমান রয়েছে।

২০। **বর্ডার গার্ড বাংলাদেশ এর “সীমান্ত ব্যাংক” প্রতিষ্ঠা।** বিজিবি'র নিজস্ব কোন ব্যাংক না থাকায় গত ২০ ডিসেম্বর ২০১৪ তারিখে সৈনিকদের পক্ষ থেকে একটি ব্যাংক প্রতিষ্ঠার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর দরবারে পয়েন্ট উত্থাপন করা হলে মাননীয় প্রধানমন্ত্রী ব্যাংক প্রতিষ্ঠার প্রতিশ্রুতি প্রদান করেন। এরই ধারাবাহিকতায় গত ০১ সেপ্টেম্বর ২০১৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বিজিবি সদস্যদের দীর্ঘদিনের প্রত্যাশিত “সীমান্ত ব্যাংক” উদ্বোধন করেন। পরবর্তীতে ধানমন্ডি ঢাকাস্থ সীমান্ত স্কয়ার মার্কেটের প্রধান কার্যালয়সহ ময়মনসিংহ, চট্টগ্রামের আগ্রাবাদ ও সাতকানিয়া, যশোরের বেনাপোল, ঢাকার মতিঝিল, কুমিল্লার বিবির বাজার, কক্সবাজার, টেকনাফ এবং লালমনিরহাটে উক্ত ব্যাংকের শাখা উদ্বোধন করা হয়েছে। এছাড়াও দেশের বিভিন্ন অঞ্চলে সীমান্ত ব্যাংকের শাখা প্রতিষ্ঠার কার্যক্রম এগিয়ে চলছে।

২১। **“দীপ্ত সীমান্ত” স্কুল প্রতিষ্ঠা।** বিশেষ শিশুদের জন্য বিজিবি'র উদ্যোগে পিলখানায় গত ২২ মে ২০১৭ তারিখে “দীপ্ত সীমান্ত” স্কুলের কার্যক্রম শুরু হয়েছে।

সমস্যা ও চ্যালেঞ্জ সমূহ:

- ১। বিজিবির উদ্দেশ্য সূচারুরূপে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় জনবলের অভাব অন্তরায় হিসেবে কাজ করছে।
- ২। নতুন স্থাপনা পরিকল্পনার ক্ষেত্রে জমির অপ্রতুলতা, ভূমি অধিগ্রহণে জটিলতা ও দীর্ঘসূত্রীতা প্রায়ঃশই মুখ্য অন্তরায় হয়ে দাঁড়াচ্ছে।
- ৩। বিজিবির হাসপাতালগুলোতে বিশেষজ্ঞ চিকিৎসক ও বিশেষায়িত সরঞ্জামাদির অভাব।
- ৪। প্রশিক্ষণ সামগ্রীর স্বল্পতা, প্রশিক্ষণ জন্য যথেষ্ট ভৌত অবকাঠামোগত স্বল্পতার কারণে বিভিন্ন প্রশিক্ষণ পরিকল্পনা ও বাস্তবায়ন ব্যাহত হচ্ছে।
- ৫। বিজিবির সেক্টর সমূহে ক্ষুদ্রাস্ত্র ফায়ারিং রেঞ্জ বিদ্যমান না থাকায় সেনাবাহিনীর বিভিন্ন স্থানীয় ফরমেশনের সাথে সমন্বয়ের মাধ্যমে ক্ষুদ্রাস্ত্র ফায়ারিং সম্পন্ন করতে হচ্ছে। এমনকি ভারী অস্ত্রের ফায়ারিং এর জন্য কোনও ফায়ারিং এলাকা না থাকায় সেনাবাহিনীর সাথে সমন্বয়ের মাধ্যমে ফায়ারিং সম্পন্ন করা হয়ে থাকে। সেনাবাহিনীর ফায়ারিং অনুশীলন করার পর রেঞ্জ খালি সাপেক্ষে বিজিবিকে ব্যবহারের অনুমতি প্রদান করা হয়ে থাকে, এতে বিজিবির ভারী অস্ত্র ফায়ার অনুশীলন সঠিকভাবে সম্পন্ন করা সম্ভব হচ্ছে না।
- ৬। সরকারি নিয়োগ বিধি অনুযায়ী বিজিবিতে পদবীধারী বর্ডার গার্ড সদস্য এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী নিয়োগের ক্ষমতা বাহিনী প্রধান হিসেবে মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ এর উপর ন্যস্ত থাকলেও প্রথম ও দ্বিতীয় শ্রেণীর বেসামরিক কর্মকর্তা নিয়োগের ক্ষমতা মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ এর উপর ন্যস্ত নয়। বিজিবি পুনর্গঠন রূপরেখা ২০০৯ অনুযায়ী নিষিদ্ধ নিরাপত্তা নিশ্চিতকল্পে সদর দপ্তর বিজিবির গোয়েন্দা পরিদপ্তরকে ঢেলে সাজানোর লক্ষ্যে প্রথম ও দ্বিতীয় শ্রেণীর বেসামরিক কর্মকর্তা নিয়োগের নির্দেশনা রয়েছে। গণকর্মচারী নিয়োগ বিধি অনুযায়ী এধরনের নিয়োগ পিএসসি কর্তৃক প্রদান করা হয়ে থাকে বিধায় প্রচলিত নিয়মে গোয়েন্দা কার্যক্রমের মতো সংবেদনশীল বিষয়ে বিজিবির কর্তৃত্ব সূচারু হবে না বলে প্রতীয়মান।
- ৭। বিজিবিতে আধুনিক জিমনেসিয়ামসহ কোন স্টেডিয়াম নেই।
- ৮। বিজিবির একটি মাত্র প্রশিক্ষণ প্রতিষ্ঠানে রিক্রুট ট্রেনিংসহ সকল প্রকার প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হয় না।
- ৯। ডগ স্কোয়াডের প্রশিক্ষণের জন্য ডগ প্রশিক্ষণ কেন্দ্র নেই।
- ১০। সীমান্ত সুরক্ষার জন্য বিদ্যমান বিওপির সংখ্যা প্রয়োজনের তুলনায় অপ্রতুল।
- ১১। বাংলাদেশ-ভারত ও বাংলাদেশ-মায়ানমার সীমান্তবর্তী নদী সীমান্ত এলাকায় নিরাপত্তা সুরক্ষা ও চোরাচালান প্রতিরোধ কার্যক্রম পরিচালনার সক্ষমতার অভাব ও পদ্ধতিগত জটিলতা।
- ১২। স্থলবন্দর সমূহে বিজিবির কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আইন ও পদ্ধতিগত জটিলতা।
- ১৩। স্থলবন্দর সমূহের কর্ম পরিকল্পনা ও বাস্তবায়নের সাথে বিজিবির সম্পৃক্ততা না থাকা।
- ১৪। সীমান্ত সড়ক বা বর্ডার রোড না থাকা।
- ১৫। রাজধানী শহর ঢাকার আইন-শৃঙ্খলা রক্ষার্থে বেসামরিক প্রশাসনকে সহায়তার নিমিত্তে অতিরিক্ত চারটি নতুন বর্ডার গার্ড ব্যাটালিয়ন সৃজন।
- ১৬। সীমান্ত পিলার মেরামত বা রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে ভারতীয় পক্ষে বিএসএফ দায়িত্বপ্রাপ্ত হলেও বাংলাদেশের পক্ষে বিজিবি দায়িত্বপ্রাপ্ত না হওয়ায় পিলার রক্ষণাবেক্ষণের মান ও গতি সম্পর্কিত জটিলতা।
- ১৭। বিজিবিতে প্রেষণে নিয়োজিত সেনা অফিসারগণের অতিরিক্ত কোন প্রণোদনা (প্রেষণ ভাতা/বিজিবি সদস্যদের ন্যায় সীমান্ত ভাতা ইত্যাদি) নেই।
- ১৮। পার্বত্য অঞ্চলে প্রায় চার যুগেরও বেশি সময় দায়িত্বপালন কালে ২০০১ এর পূর্ব পর্যন্ত সেনাবাহিনীর ন্যায় বিজিবি অফিসার ও সদস্যদের অপারেশনাল পদক (পাউন্ডিং টাইগার, দাবানল ইত্যাদি) প্রদান করা হলেও ২০০১ সাল হতে প্রবর্তিত ‘অপারেশনাল উত্তরণ’ এর আওতায় অদ্যাবধি বিজিবিকে উক্ত পদক প্রদানের আওতায় আনা হয়নি।

ভবিষ্যত পরিকল্পনা :

- ১। বিজিবির সাংগঠনিক কাঠামোতে নতুন ১টি রিজিয়ন সদর দপ্তর, ৪টি সেক্টর সদর দপ্তর, ১৪টি বর্ডার গার্ড ব্যাটালিয়ন, ৪টি রিজার্ভ ব্যাটালিয়ন, ০২টি রিভারাইন ব্যাটালিয়ন, ০১টি আরআইবি, ০১ টি বিজিবি এয়ার উইং, ০১টি ট্রেনিং একাডেমি, ০১টি ট্রেনিং এরিয়া, ০২টি ট্রেনিং সেন্টার এন্ড স্কুল, ০১টি ডগ ট্রেনিং এন্ড ব্রিডিং ইন্সটিটিউট, ০৫টি লজিস্টিক বেইজ, ০১টি বর্ডার গার্ড হাসপাতাল, ০১টি নার্সিং কলেজ, ০১টি বিজিবি মেডিক্যাল এ্যাসিস্টেন্ট ট্রেনিং স্কুল সংযোজন।
- ২। বিজিবি'র অপারেশনাল কার্যক্রম বেগবান করতে অনতিবিলম্বে ১৫০০০ হাজার জনবল নিয়োগ করা।
- ৩। চোরাচালান প্রতিরোধকল্পে সীমান্ত এলাকায় স্পর্শকাতর স্থানসমূহে স্মার্ট বর্ডার ম্যানেজম্যান্ট পরিকল্পনার আওতায় সার্ভেল্যান্স সরঞ্জাম স্থাপন, কুইক রেসপন্স যান ও যন্ত্রপাতি সংযোজন এবং প্রয়োজনীয় সংযোগ সড়ক নির্মাণ সম্পন্ন করা।
- ৪। বিজিবি'র হেলি বেস নির্মাণ কাজ শুরু করা ও হেলিকপ্টার ক্রয়ের কার্যক্রম সম্পন্ন করা।
- ৫। বিজিবিতে কর্মরত জুনিয়র অফিসারদের বেতন-ভাতা সমন্বয়/উন্নয়ন।
- ৬। সকল আইসিপিসমূহ সিসিটিভি নেটওয়ার্কের আওতায় আনা।
- ৭। বিদ্যুতের সাশ্রয় এবং দুর্গম অঞ্চল সমূহে সোলার প্যানেল এর মাধ্যমে যোগাযোগ ব্যবস্থা সচল রাখার কার্যক্রম গ্রহণ করা।
- ৮। বর্ডার রোড প্রকল্প বাস্তবায়ন।
- ৯। পার্বত্য অঞ্চলের অরক্ষিত সীমান্তসহ সমগ্র সীমান্ত এলাকায় আন্তঃরাষ্ট্রীয় অপরাধ দমনে আরও সক্রিয় ভূমিকা পালনের জন্য ২২৫টিরও অধিক বিওপি পর্যায়ক্রমে নির্মাণ।
- ১০। সীমান্ত এলাকায় বিজিবি'র আধুনিক বিওপি নির্মাণ প্রকল্প বাস্তবায়ন।
- ১১। বিদ্যমান বিওপি সমূহের ভৌত সুবিধাদির বর্ধিতকরণ/নির্মাণ প্রকল্প বাস্তবায়ন।
- ১২। বাংলাদেশের বিভিন্ন সীমান্তের সড়ক বরাবর সোলার স্ট্রিট লাইট স্থাপন প্রকল্প বাস্তবায়ন।

২০১৮-১৯ অর্থ বছরে সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ১। বিজিবির সাংগঠনিক কাঠামোতে নতুন ১টি রিজিয়ন সদর দপ্তর, ১টি সেক্টর সদর দপ্তর, ৪টি বর্ডার গার্ড ব্যাটালিয়ন, ১টি রিজিয়নাল ইন্টেলিজেন্স ব্যুরো (আরআইবি) সৃজন করা।
- ২। এয়ার উইং এর জন্য ০২টি হেলিকপ্টার, যানবাহন ক্রয় ও জনবল নিয়োগের মাধ্যমে অপারেশনাল কার্যক্রম শুরু করা।
- ৩। পিলখানায় কেন্দ্রীয় ডিজিটাল মনিটরিং/নিয়ন্ত্রণ সেল (Command and Surveillance Center) প্রতিষ্ঠাকরণ।
- ৪। চোরাচালান প্রতিরোধকল্পে সীমান্তে গুরুত্বপূর্ণ আইসিপি/চেকপোস্টসমূহে ভেহিক্যাল স্ক্যানার স্থাপন করা।
- ৫। চোরাচালান প্রতিরোধকল্পে সমগ্র বাংলাদেশের আনুমানিক ৭৫ কিঃমিঃ এলাকায় স্মার্ট বর্ডার ম্যানেজম্যান্ট পরিকল্পনার আওতায় সার্ভেল্যান্স সরঞ্জাম স্থাপন, কুইক রেসপন্স যান ও যন্ত্রপাতি সংযোজন এবং প্রয়োজনীয় সংযোগ সড়ক নির্মাণ সম্পন্ন করা।
- ৬। বিজিবি'র নিজস্ব ওয়েবসাইট উন্নত সংস্করণ ওয়েবসাইট চালু করা।
- ৭। বিজিবি'র সকল প্রকার কার্যক্রম ডিজিটাইজেশন করার লক্ষ্যে বিভিন্ন প্রকার সফটওয়্যার এর প্রস্তুত এবং ডাটা সেন্টার স্থাপন।
- ৮। আধুনিক ইনডোর স্টেডিয়াম (জিমসহ) নির্মাণ।
- ৯। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ১৫০০০ জনবলের অন্তর্ভুক্তির কার্যক্রম সম্পন্ন করা।
- ১০। বর্ডার গার্ড বাংলাদেশের সাংগঠনিক কাঠামোতে নতুন সৃজিত ৫৫৩টি বেসামরিক পদে ভর্তির কার্যক্রম সম্পন্ন করা।
- ১১। বিজিবি কর্তৃক ০২টি কার, ২৩টি জীপ, ২০টি পিকআপ, ১২টি ট্রাক, ০৫টি এ্যাম্বুলেন্স, ০২টি উপদল পেট্রোল বোট এবং ০১টি পন্টুন ক্রয় করা।
- ১২। আগামী ২০১৮-২০১৯ অর্থ বছরে ৫২টি ৭.৬২ মিঃমিঃ টি-৮১ এলএমজি ক্রয় করা।
- ১৩। আনুষ্ঠানিক ড্রিল, আইসিপিসমূহে যৌথ রিট্রিট অনুষ্ঠান, বিজিবি দিবস প্যারেড ইত্যাদির জন্য ৩৫০ টি ড্রিল অস্ত্র (সেরিমনিয়াল কাজে ব্যবহারের জন্য) ক্রয় প্রক্রিয়া সম্পাদন করা।
- ১৪। বর্ডার গার্ড বাংলাদেশে এর বিওপি সমূহের চারপার্শ্বে কাঁটাতারের বেড়া নির্মাণ প্রকল্প বাস্তবায়ন।
- ১৫। সীমান্ত এলাকায় বিজিবি'র আধুনিক বিওপি নির্মাণ প্রকল্প বাস্তবায়ন।
- ১৬। বিদ্যমান বিওপি সমূহের ভৌত সুবিধাদির বর্ধিতকরণ/নির্মাণ প্রকল্প বাস্তবায়ন।
- ১৭। বাংলাদেশ-মায়ানমার সীমান্তে সীমান্ত সড়ক নির্মাণ প্রকল্প শুরু করা।

৬
সীমিত
সীমিত

উপক্রমিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অধীনে নিয়োজিত মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ এর মধ্যে ২০১৮ সালের মাসের তারিখে এই বার্ষিক চুক্তি স্বাক্ষরিত হল।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অধীন বর্ডার গার্ড বাংলাদেশ এর বার্ষিক কার্যসম্পাদন ২০১৮-২০১৯ অর্থ বছরের এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলঃ

সেকশন-১

বিজিবি'র রূপকল্প (Vision), অভিলক্ষ (Mission) , কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী:

১.১ রূপকল্প (Vision):

আধুনিক সীমান্ত ব্যবস্থাপনার মাধ্যমে সীমান্ত সুরক্ষা ও আন্তঃদেশীয় অপরাধ কার্যকরভাবে প্রতিহতের লক্ষ্যে বিজিবি'কে একটি আধুনিক, প্রশিক্ষিত ও পেশাদার ত্রিমাত্রিক বাহিনী হিসেবে গড়ে তোলা।

১.২ অভিলক্ষ্য (Mission):

বাংলাদেশের সীমান্ত নিরাপত্তা রক্ষা, আন্তঃ রাষ্ট্রীয় সীমান্ত অপরাধ প্রতিরোধ, জরুরী পরিস্থিতিতে সামরিক বাহিনীর অধীনে থেকে দায়িত্ব পালন এবং তৎসংশ্লিষ্ট বা সরকার প্রদত্ত অন্য যে কোন দায়িত্ব সম্পাদন করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১. বিজিবি'কে একটি আধুনিক ত্রিমাত্রিক (জল, স্থল ও আকাশ পথ) বাহিনীতে রূপান্তর করা।
২. সীমান্ত নিরাপত্তা নিশ্চিতকল্পে সীমান্ত বরাবর 'বর্ডার রোড' ও কাঁটাতারের বেড়া নির্মাণ নিশ্চিতকরণ।
৩. সীমান্ত অপরাধ রোধকল্পে আধুনিক সার্ভেইল্যান্স পদ্ধতি চালুকরণ।
৪. সীমান্ত এলাকার জনসাধারণের আর্থ-সামাজিক উন্নয়নে কাজ করা।
৫. চোরাচালান রোধে জনগণকে উদ্বুদ্ধ ও সম্পৃক্ত করা।
৬. বিজিবির সাংগঠনিক কাঠামো শক্তিশালীকরণ।
৭. শান্তিরক্ষা মিশনে বিজিবি'র অংশগ্রহণ।
৮. বাহিনীতে নারীর অংশগ্রহণ সুনিশ্চিত করা।
৯. স্বাস্থ্য সেবা খাতে সক্ষমতা অর্জন।
১০. যুদ্ধকালীন/জরুরী অবস্থা মোকাবেলায় পর্যাপ্ত শক্তিমত্তা অর্জন।
১১. বিজিবি'র মানব সম্পদ উন্নয়নে পরিকল্পনা গ্রহণ ও উন্নততর প্রশিক্ষণ প্রদান।
১২. খেলাধুলার অঙ্গানে বিজিবির অংশগ্রহণ বৃদ্ধিকরণ।
১৩. বিজিবিকে যুগোপযোগী ও প্রযুক্তি নির্ভর ডিজিটাল বাহিনী হিসেবে গড়ে তোলা।
১৪. রিজিয়ন ভিত্তিক লজিস্টিক সেবা সম্প্রসারণ।

১.৪ কার্যাবলী (Function):

১. সক্রিয় কর্তব্য হিসেবে সর্বদা সীমান্তের নিরাপত্তা রক্ষা করা।
২. চোরাচালান, নারী ও শিশু এবং মাদকদ্রব্য পাচার সংক্রান্ত অপরাধসহ অন্যান্য আন্তঃরাষ্ট্র সীমান্ত অপরাধ প্রতিরোধ করা।
৩. যুদ্ধকালীন সময়ে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণে থেকে উক্ত মন্ত্রণালয় কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করা।
৪. অভ্যন্তরীণ আইন-শৃঙ্খলা রক্ষার্থে প্রশাসনকে সহায়তা করা।
৫. সরকার কর্তৃক অর্পিত অন্য যে কোন দায়িত্ব সম্পাদন করা।

সেকশন- ২

বিজিবি'র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

বিজিবি'র আউটকাম (Outcome):

চূড়ান্ত ফলাফল/প্রভাব (outcome/Impact)	কার্যসম্পাদন (Performance Indicator)	একক (Unit)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা ২০১৮-১৯	প্রক্ষেপন		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাসূত্র (Source of Data)
			২০১৬-১৭	২০১৭-১৮* (০১/৭/১৭- ৩১/৫/১৮)		২০১৯-২০	২০২০-২১		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১। সীমান্ত রক্ষায় বর্ডার গার্ড বাংলাদেশ এর আভিযানিক কার্যক্রম বৃদ্ধি করে সীমান্তে চোরাচালান ও মানবপাচার হ্রাস করা	[১.১] আভিযানিক কার্যক্রম বৃদ্ধি	সংখ্যা	১৩২	৮০	১৫০	১৬০	১৭০	বর্ডার গার্ড বাংলাদেশ	
২। সীমান্ত নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ	[২.১] টহল কার্যক্রম বৃদ্ধি	সংখ্যা	১৯০০০০	১৯৬০০০	২০০০০০	২০০০০০	২১০০০০	বর্ডার গার্ড বাংলাদেশ	
	[২.২] মাদকদ্রব্য পাচার ও সেবন প্রতিরোধে পরিচালিত টহল/অভিযান পরিচালনা	সংখ্যা	১৪২৩	২২৮০	২৩২৫	২৩৫০	২৪০০	বর্ডার গার্ড বাংলাদেশ	
	[২.৩] মাদক পাচার ও সেবন প্রতিরোধে জনসচেতনতামূলক সভা সেমিনারের আয়োজন	সংখ্যা	১০৮৩০	৮৩৯৬	১০৯০০	১০৯৫০	১১০০০	বর্ডার গার্ড বাংলাদেশ	
	[২.৪] নারী ও শিশু পাচার প্রতিরোধে জনসচেতনতামূলক সভা, সেমিনার, ওয়ার্কসপ আয়োজন	সংখ্যা	৯১৫৫	৭৫৭৫	৯৫০০	৯৬০০	৯৭০০	বর্ডার গার্ড বাংলাদেশ	
৩। সীমান্তের বিরোধ নিষ্পত্তি করণ	[৩.১] Cordinated Border Management Plan (CBMP) এর আলোকে সীমান্ত বিরোধ নিষ্পত্তির জন্য প্রতিবেশী দেশের সীমান্ত বাহিনীর সাথে আভিযানিক কার্যক্রম এবং সমন্বয় বৃদ্ধি করা	সংখ্যা (সমন্বয় সভা)	৬০০০	৩৮৪০	৬০০০	৬০৫০	৬১০০	বর্ডার গার্ড বাংলাদেশ	
		সংখ্যা (সমন্বিত টহল)	১২০০০	৭৯৮৬	১২০০০	১২০০০	১২০০০		

সীমিত

চূড়ান্ত ফলাফল/প্রভাব (outcome/Impact)	কার্যসম্পাদন (Performance Indicator)	একক (Unit)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা ২০১৮-১৯	প্রক্ষেপন		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাস মূহের নাম	উপাত্তসূত্র (Source of Data)
			২০১৬-১৭	২০১৭-১৮* (০১/৭/১৭- ৩১/৫/১৮)		২০১৯-২০	২০২০-২১		
৪। প্রশাসন ও ব্যবস্থাপনা উন্নয়ন	[৪.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কে অনুষ্ঠিত সভা	সংখ্যা	০৬	০৭	০৭	০৮	১০	বর্ডার গার্ড বাংলাদেশ	
	[৪.২] বিজিবির বিভিন্ন ট্রেডে জনবল নিয়োগ করা	সংখ্যা (বিভিন্ন ট্রেড)	১১৬১	১২৮৭	১০০০	১০০০	১০০০	বর্ডার গার্ড বাংলাদেশ	জনবলের ঘটতি অনুযায়ী নতুন জনবল নিয়োগ করা হয়।
৫। অর্থনৈতিক উন্নয়ন	[৫.১] অর্থ খরচের ব্যাপারে বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সকল প্রকার শর্ত অনুসরণ করণ	%	১০০	১০০	১০০	১০০	১০০	বর্ডার গার্ড বাংলাদেশ	
	[৫.২] অডিট কার্যক্রমের উন্নয়ন	%	৮৮	৮৯	৯০	১০০	১০০	বর্ডার গার্ড বাংলাদেশ	

১০
সীমিত

সীমিত

সেকশন-৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কার্যসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০১৮-১৯					প্রক্ষেপন (Projection) ২০১৯- ২০২০	প্রক্ষেপন (Projection) ২০২০- ২০২১
						২০১৬- ২০১৭	২০১৭- ২০১৮ (০১/৭/১৭ হতে ৩১/৫/১৮)	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতিমানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
বর্ডার গার্ড বাংলাদেশ এর কৌশলগত উদ্দেশ্যসমূহ														
১। সীমান্ত রক্ষায় বর্ডার গার্ড বাংলাদেশ এর আভিযানিক কার্যক্রম বৃদ্ধি	১৩	[১.১] আভিযানিক কার্যক্রম বৃদ্ধি	[১.১.১] পরিচালিত টাস্কফোর্স অপারেশন	সংখ্যা	৬.৫	১৩২	৮০	১৫০	১৩৫	১২০	১০৫	৯০	১৬০	১৭০
			[১.১.২] প্রদানকৃত বিশেষায়িত প্রশিক্ষণ	সংখ্যা	৬.৫	৫০০০	২০০০	৫০০০	৪৫০০	৪০০০	৩৫০০	৩০০০	৫১০০	৫২০০
২। সীমান্ত নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ	১৮	[২.১] টহল কার্যক্রম বৃদ্ধি	[২.১.১] বৃদ্ধিপ্রাপ্ত সীমান্ত টহল	সংখ্যা	৬	১৯০০০০	১৯৬০০০	২০০০০০	১৮০০০০	১৬০০০০	১৭০০০০	১২০০০০	২০০০০০	২১০০০০
			[২.২] মাদকদ্রব্য পাচার ও সেবন প্রতিরোধে পরিচালিত টহল/অভিযান এবং প্রতিরোধে জনসচেতনতামূলক কার্যক্রম বৃদ্ধি	সংখ্যা	৪	১৪২৩	২২৮০	২৩২৫	২০৯৩	১৮৬০	১৬২৮	১৩৯৫	২৩৫০	২৪০০
			[২.২.২] মাদক পাচার ও সেবন প্রতিরোধে জনসচেতনতামূলক সভা সেমিনারের আয়োজন বৃদ্ধি করা	সংখ্যা	৪	১০৮৩০	৮৩৯৬	১০৯০০	৯৮১০	৮৭২০	৭৬৩০	৬৫৪০	১০৯৫০	১১০০০

১১
সীমিত
সীমিত

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কার্যসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০১৮-১৯					প্রক্ষেপন (Projection) ২০১৯-২০২০	প্রক্ষেপন (Projection) ২০২০-২০২১
						২০১৬-২০১৭	২০১৭-২০১৮* (০১/৭/১৭ হতে ৩১/৫/১৮)	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতিমানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
		[২.৩] নারী ও শিশু পাচার প্রতিরোধে জনসচেতনতামূলক কার্যক্রম	[২.৩.১] নারী ও শিশু পাচার প্রতিরোধে জনসচেতনতামূলক সভা, সেমিনার ও ওয়ার্কসপ আয়োজন	সংখ্যা	৪	৯১৫৫	৭৫৭৫	৯৫০০	৮৫৫০	৬৭০০	৬৬৫০	৫৭০০	৯৬০০	৯৭০০
৩। সীমান্তে বিরোধ নিষ্পত্তি করণ	১৩	[৩.১] Coordinated Border Management Plan (CBMP) এর আলোকে সীমান্ত বিরোধ নিষ্পত্তির জন্য প্রতিবেশী দেশের সীমান্তরক্ষী বাহিনীর সাথে আভিযানিক কার্যক্রম এবং সমন্বয়সাধন	[৩.১.১] বৃদ্ধিকৃত প্রতিবেশী সীমান্তরক্ষী বাহিনীর সাথে সমন্বয় সভা	সংখ্যা	৬.৫	৬০০০	৩৮৪০	৬০০০	৫৪০০	৪৮০০	৪২০০	৩৬০০	৬০৫০	৬১০০
			[৩.১.২] পরিচালিত প্রতিবেশী সীমান্তরক্ষী বাহিনীর সাথে সমন্বিত টহল	সংখ্যা	৬.৫	১২০০০	৭৯৮৬	১২০০০	১০৮০০	৯৬০০	৮৪০০	৭২০০	১২০০০	১২০০০

১২
সীমিত
সীমিত

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কার্যসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০১৮-১৯					প্রক্ষেপন (Projection) ২০১৯-২০২০	প্রক্ষেপন (Projection) ২০২০-২০২১
						২০১৬-২০১৭	২০১৭-২০১৮ (০১/৭/১৭ হতে ৩১/৫/১৮)	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতিমানের নিম্নে		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
৪। প্রশাসন ও ব্যবস্থাপনা উন্নয়ন	১৯.৫	[৪.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করণ	[৪.১.১] ওয়েব সাইটে প্রকাশকৃত Right to Information (RTI)এ্যাক্ট অনুসরণ পূর্বক জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নসভা	সংখ্যা	৬.৫	০৬	০৬	০৭	০৬	০৬	০৫	০৪	০৮	১০
			[৪.১.২] বাস্তবায়ন কমিটির নিকট হতে অনুমোদন গ্রহণকৃত জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০১৫ প্রস্তুতকরণ সভা	সংখ্যা	৬.৫	০৬	০৬	০৭	০৬	০৬	০৫	০৪	০৮	১০
		[৪.২] বিজিবি বিভিন্ন ট্রেডে জনবল নিয়োগ করা	[৪.২.১] বিজিবি বিভিন্ন ট্রেডে জনবল নিয়োগ করা	সংখ্যা (বিভিন্ন ট্রেড)	৬.৫	১১৬১	১২৮৭	১০০০	৯০০	৮০০	৭০০	৬০০	১০০০	১০০০

১৩
সীমিত
সীমিত

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কার্যসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০১৮-১৯					প্রক্ষেপন (Projection) ২০১৮-২০১৯	প্রক্ষেপন (Projection) ২০১৯-২০২০
						২০১৬-২০১৭	২০১৭-২০১৮ (০১/৭/১৭ হতে ৩১/৫/১৮)	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতিমানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
৫। অর্থনৈতিক উন্নয়ন করণ	১১.৫	[৫.১] অর্থ খরচের ব্যাপারে বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সকল প্রকার শর্ত অনুসরণ করণ এবং সংশ্লিষ্ট অডিট বিষয়ের উন্নয়ন	[৫.১.১] ত্রৈমাসিক অর্থ খরচের প্রতিবেদন	%	৪	১০০	১০০	১০০	৯০	৮০	৭০	৬০	১০০	১০০
			[৫.১.২] ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ত্রৈমাসিক বাজেটের খরচ তদারকি	%	৪	১০০	১০০	১০০	৯০	৮০	৭০	৬০	১০০	১০০
			[৫.১.৩] বাৎসরিক অডিট আপত্তি নিরসন	%	৩.৫	-	-	৮৯	৮০.১	৭১.২	৬২.৩	৫৩.৪	৯০	৯০

১৪
সীমিত
সীমিত

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কার্যসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০১৮-১৯					প্রক্ষেপন (Projection) ২০১৮-২০১৯	প্রক্ষেপন (Projection) ২০১৯-২০২০
						২০১৬-২০১৭	২০১৭-২০১৮ (০১/৭/১৭ হতে ৩১/৫/১৮)	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতিমানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ														
১। দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	৩	মাঠ পর্যায়ের কার্যালয়ের সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত	তারিখ	০.৫	২৯ জুন ২০১৬	২০ জুন ২০১৭	২০ জুন ২০১৮	২১ জুন ২০১৮	২২ জুন ২০১৮	-	-	২৫ জুন ২০১৮	২০ জুন ২০১৯
		২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল	মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	০.৫	১৯ জুন ২০১৬	১৫ জানুয়ারি ১৮	১৫ জানুয়ারি ২০১৯	১৬ জানুয়ারি ২০১৯	১৭ জানুয়ারি ২০১৯	১৮ জানুয়ারি ২০১৯	১৯ জানুয়ারি ২০১৯	২৯ জানুয়ারি ২০১৯	২০ জানুয়ারি ২০২০

১৫
সীমিত

সীমিত

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কার্যসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০১৮-১৯					প্রক্ষেপন (Projection) ২০১৮- ২০১৯	প্রক্ষেপন (Projection) ২০১৯- ২০২০
						২০১৬- ২০১৭	২০১৭- ২০১৮ (০১/৭/১৭ হতে ৩১/৫/১৮)	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতিমানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
		মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) মন্ত্রণালয়/বিভাগ	ফলাবর্তক (feedback) প্রদত্ত	তারিখ	১	২০ জানুয়ারি ২০১৭	১৫ জানুয়ারি ২০১৮	২০ জানুয়ারি ২০১৯	২১ জানুয়ারি ২০১৯	২৫ জানুয়ারি ২০১৯	৩১ জানুয়ারি ২০১৯	০১ ফেব্রুয়ারি ২০১৯	২৫ জানুয়ারি ২০১৯	১৮ জানুয়ারি ২০২০
		সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	আয়োজিত প্রশিক্ষণের সময়	জনঘন্টা	১	৬০	৬০	৬০	-	-	-	-	৬০	৬০

১৬
সীমিত
সীমিত

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কার্যসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০১৮-১৯					প্রক্ষেপন (Projection) ২০১৮- ২০১৯	প্রক্ষেপন (Projection) ২০১৯- ২০২০
						২০১৬- ২০১৭	২০১৭- ২০১৮ (০১/৭/১৭ হতে ৩১/৫/১৮)	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতিমানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
২। কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন	১০	ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন	ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত	%	১	৩	৭	৭	-	-	-	-	২৫	৩৫
			ই-ফাইলিং নথি নিষ্পত্তিকৃত	%	১	৫	১০	১০	-	-	-	-	৫০	৬০
			ই-ফাইলিং পত্র জারীকৃত	%	১	৫	১০	১০	-	-	-	-	৫০	৬০
		দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা	ন্যূনতম একটি নতুন ই- সার্ভিস চালুকৃত	তারিখ	১	-	-	২৫ এপ্রিল ২০১৯	২০ মে ২০১৯	১৫ জুন ২০১৯	-	-	২০ জুন ২০১৯	২০ জুন ২০১৯
		দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন	উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেইজ ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	১	-	-	৩০ এপ্রিল ২০১৯	২৫ মে ২০১৯	১০ জুন ২০১৯	-	-	২০ জুন ২০১৯	২৫ এপ্রিল ২০২০

১৭
সীমিত
সীমিত

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কার্যসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০১৮-১৯					প্রক্ষেপন (Projection) ২০১৮-২০১৯	প্রক্ষেপন (Projection) ২০১৯-২০২০
						২০১৬-২০১৭	২০১৭-২০১৮ (০১/৭/১৭ হতে ৩১/৫/১৮)	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতিমানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
			ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত	তারিখ	১	-	-	১৫ এপ্রিল ২০১৯	১০ মে ২০১৯	২৫ জুন ২০১৯	-	-	২৮ জুন ২০১৯	২০ জুন ২০২০
		সিটিজেনস চার্টার বাস্তবায়ন	হালনাগাদকৃত সিটিজেনস চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা	%	১	৭০	৮০	৮০	৭৫	৭০	৬০	৫০	৮২	৮৫
			সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত	তারিখ	০.৫	০৬ মার্চ ২০১৬	১০ মার্চ ২০১৭	২০ এপ্রিল ২০১৯	৩০ এপ্রিল ২০১৯	০৪ মে ২০১৯	১০ মে ২০১৯	২৫ মে ২০১৯	২৭ মে ২০১৯	২৮ মে ২০২০
		অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত	%	০.৫	৬৫	৭০	৭৫	৭০	৬৫	৬০	৫০	৭৭	৮০
		পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারী পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা	পিআরএল আদেশ জারিকৃত	%	১	১০০	১০০	১০০	৯০	৮০	-	-	১০০	১০০
			ছুটি নগদায়নপত্র জারিকৃত	%	১	১০০	১০০	১০০	৯০	৮০	-	-	১০০	১০০

১৮
সীমিত
সীমিত

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কার্যসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০১৮-১৯					প্রক্ষেপন (Projection) ২০১৮- ২০১৯	প্রক্ষেপন (Projection) ২০১৯- ২০২০
						২০১৬- ২০১৭	২০১৭- ২০১৮ (০১/৭/১৭ হতে ৩১/৫/১৮)	অসাধারণ ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%	চলতি মান ৭০%	চলতিমানের নিম্নে ৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
৩। আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন	৯	অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	ত্রিপর্যায় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশকৃত	%	১	৫৫	৬০	৬০	৫৫	৫০	৪৫	৪০	৬৫	৭০
			অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	১	৪৫	৫০	৫০	৪৫	৪০	৩৫	৩০	৫৫	৬০
		স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তা তালিকা প্রস্তুত করা	স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত	তারিখ	১	২৫ এপ্রিল ২০১৭	৩০ মে ২০১৮	২৫ এপ্রিল ২০১৯	৩০ এপ্রিল ২০১৯	০৫ মে ২০১৯	১৫ মে ২০১৯	২৫ মে ২০১৯	২৮ মে ২০১৯	২০ মে ২০২০
			অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত	তারিখ	১	২৫ এপ্রিল ২০১৭	৩০ মে ২০১৮	২৫ এপ্রিল ২০১৯	৩০ এপ্রিল ২০১৯	০৫ মে ২০১৯	১৫ মে ২০১৯	২৫ মে ২০১৯	২৭ মে ২০১৯	২০ মে ২০২০
		বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন	বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়িত	%	২	১০০	১০০	১০০	৯৫	৯০	৮৫	৮০	১০০	১০০
		অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ	নিষ্পত্তিকৃত	তারিখ	১	১০ এপ্রিল ২০১৭	১৫ মে ২০১৮	১০ মে ২০১৯	১৫ মার্চ ২০১৯	২৬ মার্চ ২০১৯	০৩ এপ্রিল ২০১৯	১০ এপ্রিল ২০১৯	১৫ এপ্রিল ২০১৯	১৫ এপ্রিল ২০২০

১৯
সীমিত
সীমিত

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কার্যসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০১৮-১৯					প্রক্ষেপন (Projection) ২০১৮-২০১৯	প্রক্ষেপন (Projection) ২০১৯-২০২০
						২০১৬-২০১৭	২০১৭-২০১৮ (০১/৭/১৭ হতে ৩১/৫/১৮)	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতিমানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
		বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা	বিদ্যুৎ বিল পরিশোধিত	%	১	১০০	১০০	১০০	৯৫	৯০	৮৫	৮০	১০০	১০০
		শূণ্য পদের বিপরীতে নিয়োগ প্রদান	নিয়োগ প্রদানকৃত	সংখ্যা	১	৫০০	৫০০	৫০০	৪৫০	৪০০	৩৫০	৩০০	৫০০	৫০০
৪। জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকণ	৩	জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন	ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	০৩ জুলাই ২০১৭	২৯ নভেম্বর ২০১৭	০৬ সেপ্টেম্বর ২০১৮	০৭ ডিসেম্বর ২০১৮	০৬ এপ্রিল ২০১৯	০৮ আগস্ট ২০১৯	০৫ জুলাই ২০১৯	১০ জুলাই ২০১৯	১০ জুলাই ২০২০
			জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত	%	০.৫	১০০	১০০	১০০	৯৫	৯০	৮৫	৮০	১০০	১০০
		তথ্য বাতায়ন হালনাগাদকরণ	সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত	%	০.৫	১০০	১০০	১০০	৯০	৮০	-	-	১০০	১০০

২০
সীমিত

সীমিত

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কার্যসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০১৮-১৯					প্রক্ষেপন (Projection) ২০১৮-২০১৯	প্রক্ষেপন (Projection) ২০১৯-২০২০
						২০১৬-২০১৭	২০১৭-২০১৮ (০১/৭/১৭ হতে ৩১/৫/১৮)	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতিমানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
			তথ্য বাতায়ন হালনাগাদকৃত	%	০.৫	১০০	১০০	১০০	৯০	৮০	-	-	১০০	১০০
		দপ্তর/সংস্থার ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ	বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	০.৫	২০ অক্টোবর ২০১৭	১৫ নভেম্বর ২০১৮	২৫ অক্টোবর ২০১৮	৩১ অক্টোবর ২০১৮	১৫ নভেম্বর ২০১৮	২৫ নভেম্বর ২০১৮	১০ ডিসেম্বর ২০১৮	২৮ অক্টোবর ২০১৯	২০ নভেম্বর ২০২০

অঙ্গীকারনামা

আমি মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, এনডিসি, পিএসসি, মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, এর প্রতিনিধি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর প্রতিনিধি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর প্রতিনিধি হিসেবে মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

.....
মহাপরিচালক
বর্ডার গার্ড বাংলাদেশ
পিলখানা, ঢাকা

.....
তারিখ

.....
সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

.....
তারিখ

শব্দসংক্ষেপ (Acronyms)

ক্রমিক	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১।	বিজিবি	বর্ডার গার্ড বাংলাদেশ
২।	BOP	Border Observation Post
৩।	BSP	Border Sentry Post
৪।	DDN	Digital Data Network
৫।	VPN	Virtual Private Network
৬।	CBMP	Cordinated Border Management Plan
৭।	RTI	Right to Information

কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাণ পদ্ধতি এর বিবরণ
বর্ডার গার্ড বাংলাদেশ

ক্রমিক নম্বর	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	বিবরণ	বাস্তবায়নকারী সংস্থা	পরিমাপ পদ্ধতি	উপাত্তসূত্র
১।	[১.১] আভিযানিক কার্যক্রম বৃদ্ধি	[১.১.১] পরিচালিত টাস্কফোর্স অপারেশন	সীমান্ত এলাকায় বিজিবি'র বিশেষ অভিযানের সংখ্যা	বর্ডার গার্ড বাংলাদেশ	সীমান্ত এলাকায় বিজিবি কর্তৃক পরিচালিত বিশেষ অপারেশনের পরিসংখ্যান সংশ্লিষ্ট রিজিয়ন হতে প্রাপ্ত তথ্যের মূল্যায়ন ও ভেরিফিকেশন	বর্ডার গার্ড বাংলাদেশের বার্ষিক প্রতিবেদন
		[১.১.২] প্রদানকৃত বিশেষায়িত প্রশিক্ষণ	বিজিবি সদস্যদের প্রশিক্ষণ প্রদানের সংখ্যা	বর্ডার গার্ড বাংলাদেশ	বিজিবি সদস্যদের প্রশিক্ষিত করার নিমিত্তে প্রশিক্ষণ প্রদান ও এর যাচাইকরণ	বর্ডার গার্ড বাংলাদেশের বার্ষিক প্রতিবেদন
২।	[২.১] টহল কার্যক্রম বৃদ্ধি	[২.১.১] বৃদ্ধিপ্রাপ্ত সীমান্ত টহল	সীমান্ত নিরাপত্তায় পরিচালিত টহলের সংখ্যা	বর্ডার গার্ড বাংলাদেশ	সীমান্তকে নিরাপদ রাখতে বিজিবি রিজিয়নগুলোর অধিনস্থ ইউনিটসমূহের টহল পরিচালনার সার্বিক মূল্যায়ন ও তদারকি	বর্ডার গার্ড বাংলাদেশের বার্ষিক প্রতিবেদন
	[২.২] মাদকদ্রব্য পাচার ও সেবন প্রতিরোধে পরিচালিত টহল/অভিযান এবং প্রতিরোধে জনসচেতনতামূলক কার্যক্রম	[২.২.১] মাদকদ্রব্য পাচার ও সেবন প্রতিরোধে পরিচালিত টহল/অভিযান	মাদকদ্রব্য পাচার ও সেবন প্রতিরোধে পরিচালিত টহল/অভিযানের সংখ্যা	বর্ডার গার্ড বাংলাদেশ	মাদকদ্রব্যের পাচার ও সেবন প্রতিরোধে বিজিবি রিজিয়নগুলোর অধিনস্থ ইউনিটসমূহ কর্তৃক পরিচালিত অভিযানের মূল্যায়ন ও তদারকি	বর্ডার গার্ড বাংলাদেশের বার্ষিক প্রতিবেদন
		[২.২.২] মাদক পাচার ও সেবন প্রতিরোধে জনসচেতনতামূলক সভা সেমিনারের আয়োজন বৃদ্ধি করা	মাদক পাচার ও সেবন প্রতিরোধে আয়োজিত জনসচেতনতামূলক সভা সেমিনারের সংখ্যা	বর্ডার গার্ড বাংলাদেশ	বিজিবি রিজিয়নগুলোর অধিনস্থ ইউনিটসমূহে আয়োজিত মাদক সেবন ও পাচার প্রতিরোধে জনসচেতনতামূলক সভার মূল্যায়ন ও সঠিক তদারকি	বর্ডার গার্ড বাংলাদেশের বার্ষিক প্রতিবেদন

সীমিত

ক্রমিক নম্বর	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	বিবরণ	বাস্তবায়নকারী সংস্থা	পরিমাপ পদ্ধতি	উপাত্তসূত্র
৩।	[২.৩] নারী ও শিশু পাচার প্রতিরোধে জনসচেতনতামূলক কার্যক্রম	[২.৩.১] নারী ও শিশু পাচার প্রতিরোধে জনসচেতনতামূলক সভা, সেমিনার ও ওয়ার্কসপ	নারী ও শিশু পাচার প্রতিরোধে আয়োজিত জনসচেতনতামূলক সভা, সেমিনার ও ওয়ার্কসপের সংখ্যা	বর্ডার গার্ড বাংলাদেশ	বিজিবি রিজিয়নগুলোর অধিনস্থ ইউনিটসমূহে আয়োজিত সীমান্ত দিয়ে নারী ও শিশু পাচার প্রতিরোধে জনসচেতনতামূলক সভা, সেমিনার ও ওয়ার্কসপের মূল্যায়ন ও সঠিক তদারকি	বর্ডার গার্ড বাংলাদেশের বার্ষিক প্রতিবেদন
৪।	[৩.১] Coordinated Border Management Plan (CBMP) এর আলোকে সীমান্ত বিরোধ নিষ্পত্তির জন্য প্রতিবেশী দেশের সীমান্তরক্ষী বাহিনীর সাথে আভিযানিক কার্যক্রম এবং সমন্বয় বৃদ্ধি করা	[৩.১.১] বৃদ্ধিকৃত প্রতিবেশী সীমান্তরক্ষী বাহিনীর সাথে সমন্বয় সভা	প্রতিবেশী সীমান্তরক্ষী বাহিনীর সাথে অনুষ্ঠিত সমন্বয় সভার সংখ্যা	বর্ডার গার্ড বাংলাদেশ	বিজিবি রিজিয়নগুলোর অধিনস্থ ইউনিটসমূহের প্রতিবেশী সীমান্তরক্ষী বাহিনীর সাথে নিয়মিতভাবে পরিচালিত সমন্বয় সভার মূল্যায়ন ও তদারকি	বর্ডার গার্ড বাংলাদেশের বার্ষিক প্রতিবেদন
৫।		[৩.১.২] পরিচালিত প্রতিবেশী সীমান্তরক্ষী বাহিনীর সাথে সমন্বিত টহল	প্রতিবেশী সীমান্তরক্ষী বাহিনীর সাথে অনুষ্ঠিত সমন্বিত টহলের সংখ্যা	বর্ডার গার্ড বাংলাদেশ	বিজিবি রিজিয়নগুলোর অধিনস্থ ইউনিটসমূহের প্রতিবেশী সীমান্তরক্ষী বাহিনীর সদস্যদের সাথে সীমান্ত নিরাপত্তার জন্য নিয়মিতভাবে পরিচালিত যৌথ টহলের মূল্যায়ন ও তদারকি	বর্ডার গার্ড বাংলাদেশের বার্ষিক প্রতিবেদন

সীমিত

ক্রমিক নম্বর	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	বিবরণ	বাস্তবায়নকারী সংস্থা	পরিমাপ পদ্ধতি	উপাত্তসূত্র
৬।	[৪.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করণ	[৪.১.১] ওয়েব সাইটে প্রকাশকৃত Right to Information (RTI) এ্যাক্ট অনুসরণ পূর্বক জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের শতকরা হার	জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের শতকরা হার	বর্ডার গার্ড বাংলাদেশ	মাঠ পর্যায়ের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনাবাস্তবায়নের নিমিত্তে আয়োজিত সভাসমূহের মূল্যায়ন ও তদারকি	বর্ডার গার্ড বাংলাদেশের বার্ষিক প্রতিবেদন
৭।		[৪.১.২] বাস্তবায়ন কমিটির নিকট হতে অনুমোদন গ্রহণকৃত জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০১৫ প্রস্তুতকরণ	জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০১৫ প্রস্তুতকরণ	বর্ডার গার্ড বাংলাদেশ	মাঠ পর্যায়ের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনাবাস্তবায়নের নিমিত্তে আয়োজিত সভাসমূহের মূল্যায়ন ও তদারকি	বর্ডার গার্ড বাংলাদেশের বার্ষিক প্রতিবেদন
৮।	[৪.২] বিজিব 'র বিভিন্ন ট্রেডে জনবল নিয়োগ করা	[৪.২.১] বিজিবির বিভিন্ন ট্রেডে জনবল নিয়োগ করা	বিজিবির বিভিন্ন ট্রেডে জনবল নিয়োগের সংখ্যা	বর্ডার গার্ড বাংলাদেশ	জনবলের ঘাটতি সাপেক্ষে বিজিবির জনবল নিয়োগ করার করা হয়ে থাকে	বর্ডার গার্ড বাংলাদেশের বার্ষিক প্রতিবেদন
৯।	[৫.১] অর্থ খরচের ব্যাপারে বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সকল প্রকার শর্ত অনুসরণ করণ এবং সংশ্লিষ্ট অডিট বিষয়ের উন্নয়ন	[৫.১.১] ত্রৈমাসিক অর্থ খরচের প্রতিবেদন	বিজিবির অনুকূলে বরাদ্দকৃত খাত হতে অর্থ খরচের প্রতিবেদন	বর্ডার গার্ড বাংলাদেশ	বিজিবির সদর দপ্তরসহ সংশ্লিষ্ট রিজিয়নের ত্রৈমাসিক অর্থ খরচের প্রতিবেদন মূল্যায়ন ও ভেরিফিকেশন	বর্ডার গার্ড বাংলাদেশের বার্ষিক প্রতিবেদন
১০।		[৫.১.২] ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ঐমাসিক বাজেটের খরচ তদারকি	বিজিবির অনুকূলে বরাদ্দকৃত বাজেট খরচের তদারকি	বর্ডার গার্ড বাংলাদেশ	বিজিবির সদর দপ্তরসহ সংশ্লিষ্ট রিজিয়নের অনুকূলে বরাদ্দকৃত ত্রৈমাসিক বাজেট খরচের প্রতিবেদন মূল্যায়ন ও ভেরিফিকেশন	বর্ডার গার্ড বাংলাদেশের বার্ষিক প্রতিবেদন
১১।		[৫.১.৩] বাৎসরিক অডিট আপত্তি নিরসন	বিজিবির বাৎসরিক বাজেট ও অর্থ খরচের অডিট	বর্ডার গার্ড বাংলাদেশ	বিজিবির সদর দপ্তরসহ সংশ্লিষ্ট রিজিয়নের অনুকূলে বরাদ্দকৃত বাজেট ও অর্থ খরচের বাৎসরিক ভেরিফিকেশন	বর্ডার গার্ড বাংলাদেশের বার্ষিক প্রতিবেদন

অন্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা- এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ
বর্ডার গার্ড বাংলাদেশ

প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা	চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা	চাহিদা/প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
ভূমি মন্ত্রণালয়	বিজিবির নতুন ইউনিট/বিওপিসহ বিভিন্ন স্থাপনার জন্য জমি অধিগ্রহণ, বন্দোবস্তি ও বাস্তবায়ন ইত্যাদি সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করা হয়	জমি অধিগ্রহণ, বন্দোবস্তি ও বাস্তবায়ন কার্যক্রম	বিজিবির নতুন স্থাপনকৃত স্থাপনার জমি অধিগ্রহণ, বন্দোবস্তি ও বাস্তবায়ন ইত্যাদিতে অনুমোদন তরাস্থিত করা	বিজিবির নতুন স্থাপনকৃত স্থাপনার জমি অধিগ্রহণ, বন্দোবস্তি ও বাস্তবায়ন ব্যতীত স্থাপনা নির্মাণ করা সম্ভব নয়	বিজিবির নতুন স্থাপনকৃত স্থাপনার জমি অধিগ্রহণ, বন্দোবস্তি ও বাস্তবায়ন ব্যতীত স্থাপনা নির্মাণ করা সম্ভব নয়
পরিবেশ ও বন মন্ত্রণালয়	সীমান্তবর্তী এলাকায় নতুন ব্যাটালিয়ন ও বিওপি সৃজনের জন্য জমি অধিগ্রহণের ক্ষেত্রে পত্রালাপের মাধ্যমে জমি অধিগ্রহণ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করা হয়	জমি অধিগ্রহণের ক্ষেত্রে পত্রালাপের মাধ্যমে জমি অধিগ্রহণ সংক্রান্ত কার্যক্রম	জমি অধিগ্রহণের ক্ষেত্রে পত্রালাপের মাধ্যমে জমি অধিগ্রহণ সংক্রান্ত কার্যক্রমের অনুমোদন তরাস্থিত করা	জমি অধিগ্রহণের ক্ষেত্রে পত্রালাপের মাধ্যমে জমি অধিগ্রহণ ব্যতীত স্থাপনা নির্মাণ করা সম্ভব নয়	জমি অধিগ্রহণের ক্ষেত্রে পত্রালাপের মাধ্যমে জমি অধিগ্রহণ ব্যতীত স্থাপনা নির্মাণ করা সম্ভব নয়
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	সীমান্তবর্তী পার্বত্য এলাকায় নতুন ব্যাটালিয়ন ও বিওপি সৃজনের জন্য জমি অধিগ্রহণের ক্ষেত্রে পত্রালাপের মাধ্যমে অনুমোদন সাপেক্ষে জমি অধিগ্রহণ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করা হয়	সীমান্তবর্তী পার্বত্য এলাকায় নতুন ব্যাটালিয়ন ও বিওপি সৃজনের জন্য জমি অধিগ্রহণ কার্যক্রম	সীমান্তবর্তী পার্বত্য এলাকায় নতুন ব্যাটালিয়ন ও বিওপি সৃজনের জন্য জমি অধিগ্রহণ কার্যক্রমের অনুমোদন তরাস্থিত করা	সীমান্তবর্তী পার্বত্য এলাকায় নতুন ব্যাটালিয়ন ও বিওপি সৃজনের জন্য জমি অধিগ্রহণ কার্যক্রমের অনুমোদন ব্যতীত স্থাপনা নির্মাণ করা সম্ভব নয়	সীমান্তবর্তী পার্বত্য এলাকায় নতুন ব্যাটালিয়ন ও বিওপি সৃজনের জন্য জমি অধিগ্রহণ কার্যক্রমের অনুমোদন ব্যতীত স্থাপনা নির্মাণ করা সম্ভব নয়
যোগাযোগ, সড়ক ও সেতু মন্ত্রণালয়	সীমান্ত এলাকায় রিংরোড নির্মাণের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে রিংরোড সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করা হয়	সীমান্ত এলাকায় রিংরোড নির্মাণের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে রিংরোড সংক্রান্ত কার্যক্রম	সীমান্ত এলাকায় রিংরোড নির্মাণের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে রিংরোড প্রকল্প বাস্তবায়ন	সীমান্ত এলাকায় রিংরোড নির্মাণের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে রিংরোড সংক্রান্ত কার্যক্রমের অনুমোদন ব্যতীত রিংরোড নির্মাণ করা সম্ভব নয়	অপারেশনাল কার্যক্রমে গতিশীলতা আনা দুরূহ হয়ে পড়বে
জনপ্রশাসন মন্ত্রণালয়	বিজিবিতে নতুন জনবলের নিয়োগ অনুমোদন প্রদান করা হয়	জনবলের অনুমোদন	বিজিবির নতুনভাবে সৃজিত জনবলের অনুমোদন প্রদান	জনবল ঘাটতির কারণে	১৫ হাজার জনবল অনুমোদন না হলে সীমান্ত নিরাপত্তা অপারেশন ও প্রশাসনিক কাজে বিঘ্নের সৃষ্টি হবে
অর্থ মন্ত্রণালয়	বিজিবিতে আর্থিক সংশ্লিষ্ট সকল বিষয়ে অনুমোদন প্রদান করা হয়	জনবলের অনুমোদন	বিজিবির নতুনভাবে সৃজিত জনবলের অনুমোদন প্রদান	জনবল ঘাটতির কারণে	১৫ হাজার জনবল অনুমোদন না হলে সীমান্ত নিরাপত্তা অপারেশন ও প্রশাসনিক কাজে বিঘ্নের সৃষ্টি হবে